দৈনিক ইত্তেফাক

তারিখ ......
পৃষ্ঠা ...... কলাম ......
MAR. 20 2002

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস

# সন্ধ্যার পর বিভিন্ন স্পটে শুরু হয় অসামাজিক কার্যকলাপ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের বিভিন্ন জায়গায় সন্ধ্যার পর অসামাজিক কার্যকলাপসহ নেশাখোরদের আনাগোনা বৃদ্ধি পেয়েছে। নেশাখোরদের অধিকাংশই বাইরে থেকে ক্যাম্পাসে আসে। বিশ্ববিদ্যালয়ের খোলামেলা পরিবেশের সুযোগ (৫ম পৃঃ ২-এর কঃ দ্রঃ)

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস

(৩য় পৃঃ পর)

নিয়ে বহিরাগতরা আপত্তিকর কর্মকাণ্ডে লিপ্ত হয়। খোঁজ নিয়ে জানা যায়, আইইআর ভবনের পিছনের সিঁড়ি, লেকচার থিয়েটার প্রাঙ্গণ, কলাভবনের বিভিন্ন সিঁড়ি ও আশে-পাশে, মযেল চত্বর হাকিম চত্বর, কাজী নজরুল ইসলামের মাজার প্রাঙ্গণে সন্ধ্যার পর পরই জমে ওঠে বহিরাগত যুবক-যুবতীদের আড্ডা। রাত সাড়ে ৯টা পর্যন্ত চলে আড্ডা ও নেশা। পাশাপাশি সোহরাওয়ার্দী উদ্যানেও চলে অসামাজিক কার্যকলাপ। এ সময় অনেক পথচারী ও রিকশাওয়ালারা দাঁড়িয়ে দাঁড়িয়ে সোহরাওয়ার্দী উদ্যান ও ক্যাম্পাসের নষ্ট দৃশ্য দেখে। বিশ্ববিদ্যালয় এলাকায় বসবাসকারী শিক্ষক এবং ছাত্র-ছাত্রীরা প্রায়শঃই এই দৃশ্য দেখে বিব্রতকর অবস্থার সম্মুখীন হন। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গত সোমবার এক প্রেস বিজ্ঞপ্তিতে বলেন, দীর্ঘদিন যাবৎ সন্ধ্যার পর থেকে বেশ গভীর রাত পর্যন্ত বিশ্ববিদ্যালয় এলাকায় বিভিন্ন স্থানে বেশ কিছু যুবক-যুবতী আপত্তিকর অবস্থায় মেলামেশা করে।